



# দুয়ারে সরকার ব্যাঙ্কে নতুন অ্যাকাউন্ট খোলা



## উদ্দেশ্য :

দুয়ারে সরকার ক্যাম্পে আগত যে কোনো ব্যক্তি, স্বনির্ভর গোষ্ঠী - ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে পারেন এই ক্যাম্পে। লক্ষ্মীর ভান্ডার, কৃষকবন্ধু- ইত্যদির সুবিধা গ্রহণ করার জন্য দুয়ারে সরকার ক্যাম্পে এসেছেন অথচ ব্যাঙ্ক অ্যাকাউন্ট নেই, সেই সব মানুষের জন্য দ্রুততার সঙ্গে ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার ব্যবস্থা নেওয়া হবে।

## নতুন অ্যাকাউন্ট খোলার জন্য কী কী নথি প্রয়োজন :

সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার সময় কেওয়াইসি (KYC) ভেরিফিকেশনের জন্য :

১) সকলের ক্ষেত্রেই ৩ কপি পাসপোর্ট মাপের ছবি লাগবে। স্বনির্ভর গোষ্ঠীর ক্ষেত্রে দলনেত্রী ও উপ-দলনেত্রী দুজনেরই ৩ কপি করে পাসপোর্ট মাপের ছবি লাগবে।

২) পরিচয় সংক্রান্ত প্রমাণের জন্য নিচের যে কোনও একটি থাকা প্রয়োজন :

ক) আধার কার্ড

খ) ভোটার কার্ড

গ) প্যান কার্ড

ঘ) ড্রাইভিং লাইসেন্স

৩) ঠিকানা সংক্রান্ত প্রমাণের জন্য নিচের যে কোনও একটি থাকা প্রয়োজন :

ক) পাসপোর্ট

খ) ভোটার কার্ড

গ) ড্রাইভিং লাইসেন্স

ঘ) বিদ্যুতের বিল/ মোবাইল ফোন সহ ল্যান্ডলাইন টেলিফোন বিল (বিল ৬মাসের বেশি পুরোনো হলে চলবে না)

ঙ) কনজিউমার গ্যাস কানেকশন কার্ড অথবা বিল

চ) সরকারি আধিকারিক /স্থীকৃত সরকারি কর্তৃপক্ষের দেওয়া চিঠি

ছ) বাড়ি কেনার দলিলের কপি

জ) গত ৩ মাসের ভাড়ার রসিদ সহ লিজ-চুক্তির কপি

ঝ) বসবাসের প্রমাণ হিসাবে নিয়োগকর্তার দেওয়া সার্টিফিকেট

উপরোক্ত নথি-প্রমাণ সহ ব্যাঙ্ক কর্তৃপক্ষের দেওয়া নির্দিষ্ট ফর্ম পূরণ করতে হবে।

পশ্চিমবঙ্গ সরকার